

স্মারক নং-০৫.৪৭.৪৯৫২.০৪.০০৪.০২৪.২০- ৫২৫

তারিখ ১৬ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
৩০ জুন ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি বিধিমালা অনুযায়ী কুড়িগ্রাম সদর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের দফাদারের শূন্য পদ পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক নির্ধারিত বেতন ও বিধি মোতাবেক উল্লিখিত ইউনিয়নের নিম্নলিখিত শর্তানুসারে শূন্য পদে অস্থায়ীভাবে দফাদার নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট ইউনিয়নের আগ্রহী প্রার্থীদের দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ক্রঃ নং	ইউনিয়নের নাম	পদের নাম	দফাদারের শূন্য পদের সংখ্যা	বয়সসীমা	বেতন-ভাতা	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক মাপ
০১	বেলগাছা	দফাদার	০১	অনুর্ধ্ব ৩০ বছর	সরকারের প্রচলিত বিধি মোতাবেক	পদোন্নতির ক্ষেত্রে দফাদার পদে অন্তিম ১০(দশ) বৎসরের চাকুরী। সরকারি নিয়োগের ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড হতে অন্তিম দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতাঃ ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপঃ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি সম্প্রসারণ। সর্বনিম্ন ওজনঃ ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতাঃ ৫ ফুট, বুকের মাপঃ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি সম্প্রসারণ। সর্বনিম্ন ওজনঃ ৪৫ কেজি।
০২	ভোগডাঙ্গা	দফাদার	০১	(পদোন্নতির ক্ষেত্রে বিধি মোতাবেক)			

শর্তাবলী

- ০১। দফাদার পদের জন্য আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে আবেদন পত্র নিম্নলিখিত ছক অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম বরাবর আগামী ২৫/৭/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়) ডাকযোগে অথবা হাতে হাতে আবেদন পত্র দাখিল করতে হবে। আবেদন পত্রের সঙ্গে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি (খ) ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র (গ) জন্ম সনদের সত্যায়িত ফটোকপি (ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (ঙ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২(দুই) কপি রঙিন ছবি (চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র দাখিল করতে হবে (প্রথম শ্রেণির কর্মকর্তার নামসহ সীলযুক্ত) এবং (ছ) উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ, কুড়িগ্রাম শাখা হতে ৩০০/- (তিনশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংকড্রাফট/পে-অর্ডার আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- ০২। ৩০/৬/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান ও নাতী-নাতনীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন গ্র্যাফিভেডিট গ্রহণযোগ্য নয়। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান অনুযায়ী সর্বশেষ কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- ০৪। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সুস্পষ্ট নাম, পদবী ও সীল থাকতে হবে। খামের উপরে পদের নাম, কোটা (খাকলে) উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থীকে (লিখিত/মৌখিক) পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৫। নিয়োগ বোর্ড কর্তৃক যাচাই-বাছাই পূর্বক যে সমস্ত আবেদনপত্র সঠিক বলে বিবেচিত হবে সে সকল আবেদনকারী পরীক্ষায় অংশ গ্রহণ করবেন। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে আবেদনের সাথে দাখিলকৃত কাগজ-পত্র সঙ্গে প্রদর্শন করতে হবে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় স্থগিত, সময় পরিবর্তনসহ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

আবেদন পত্রের ছকঃ

- ০১। প্রার্থীর নাম :
- ০২। পিতা/স্বামীর নাম :
- ০৩। মাতার নাম :
- ০৪। স্থায়ী ঠিকানাঃ গ্রাম- : ওয়ার্ড নং- : পোঃ- :
ইউনিয়ন- : উপজেলা- : জেলা- :
- ০৫। বর্তমান ঠিকানাঃ গ্রাম- : ওয়ার্ড নং- : পোঃ- :
ইউনিয়ন- : উপজেলা- : জেলা- :
- ০৬। জন্ম তারিখ :
- ০৭। জাতীয়তা :
- ০৮। শিক্ষাগত যোগ্যতা :
- ০৯। বয়স :
- ১০। শারীরিক মাপ :
- ১১। অভিজ্ঞতা :



(নিলুফা ইয়াছমিন)

উপজেলা নির্বাহী অফিসার

কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম

ফোনঃ ০৫৮১-৬১৫৭৬

e-mail: unokurigram.sadar@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
kurigram sadar.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯৫২.০৪.০০৪.০২৪.২০-৫২৫(১০)

তারিখঃ ১৬ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
৩০ জুন ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
- ০৪। অফিসার ইনচার্জ, কুড়িগ্রাম থানা।
- ০৫। অফিসার, কুড়িগ্রাম।
- ০৬। সহকারী প্রোগ্রামার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। তাঁকে বিজ্ঞপ্তিখানা ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। চেয়ারম্যান, ইউপি, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। তাঁকে উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তি তাঁর ইউনিয়নে ও হাট-বাজারে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। অফিস কপি/নোটিশ বোর্ড।



(নিলুফা ইয়াছমিন)

উপজেলা নির্বাহী অফিসার

কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম

ফোনঃ ০৫৮১-৬১৫৭৬

e-mail. unokurigram sadar@mopa.gov.bd